স্মারক ৩০০ ০৭/১২/২৩

সিস্টেম এনালিস্ট

সহকারী প্রোগ্রামার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
**উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো**
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.bnfe.gov.bd

**বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে ১ম অর্ধবার্ষিকীতে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মু. নুরুজ্জামান শরীফ এনডিসি
পরিচালক (প্রশাসন ও অর্থ)
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।

স্থান : ঢাকা জেলার যাত্রাবাড়ী, ব্র্যাক সেন্টার এর সম্মেলন কক্ষ।

তারিখ : ২৯-১১-২০২৩ খ্রিঃ।

সময় : সকাল ১০.০০ ঘটিকা।

উপস্থিতি: সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। স্বাগত বক্তব্যে সভাপতি বলেন, জনপ্রশাসনের দায়বদ্ধতা বৃদ্ধি ও সরকারি সেবার মানোন্নয়নের জন্য অভিযোগ প্রতিকার ব্যবস্থা (Grievance redress system-GRS) জোরদার করা আবশ্যক। মন্ত্রিপরিষদ বিভাগ হতে 'অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে অনলাইন অভিযোগ প্রতিকার কার্যক্রম GRS চালু হয়েছে। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (প্রশাসন ও অর্থ) সভায় জানান যে, অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর কার্যক্রম [২.২] অনুযায়ী অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ২টি অবহিতকরণ সভা করার সিদ্ধান্ত রয়েছে। ১ম অর্ধবার্ষিকীতে একটি এবং দ্বিতীয় অর্ধবার্ষিকীতে একটি। তারই অংশ হিসেবে ১ম অর্ধবার্ষিকীর সভার আয়োজন আজই করা হয়েছে।

অত:পর সভাপতি মহোদয় উপস্থিত এনজিওদের কার্যক্রম সম্পর্কে জানতে চান এবং মাঠ পর্যায়ে কর্মসূচি বাস্তবায়নে কী কী সমস্যার সম্মুখীন হতে হচ্ছে তা জানতে চান। এ প্রেক্ষিতে জনাব দেবেন্দ্রনাথ সিকদার (প্রোগ্রাম সুপারভাইজার), ব্রাক বলেন, মাঠ পর্যায়ে কর্মসূচি বাস্তবায়নে বিভিন্ন চ্যালেঞ্জের মুখোমুখি হতে হয়। কারণ বেশির ভাগ শিক্ষার্থীরাই নিম্নশ্রেণীর পরিবারের। এদেরকে শিখন কেন্দ্রে নিয়ে আসাটা এক্টা চ্যালেঞ্জ। এছাড়াও এদের পরিবারের বাবা মা অনেক সময় আয় করার উদ্দেশ্যে বিভিন্ন কর্মক্ষেত্রে প্রেরণ করেন। জনাব রিয়াজুল ইসলাম, উপজেলা প্রোগ্রাম ম্যানেজার, ব্র্যাক বলেন, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র শিক্ষা কার্যক্রমটি খুবই ভালো এতে গরীব অসহায় শিশুরা শিক্ষা গ্রহণ করার সুযোগ পাচ্ছে।

জনাব ফাতেমা আক্তার (শিক্ষিকা) বলেন, তাঁর শিখন কেন্দ্র কড়াইল উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ে দুই শিফটে ক্লাস হয় এবং ৩০ জন ছাত্র-ছাত্রীর মধ্যে ২৭-২৮জন শিক্ষার্থী ক্লাসে নিয়মিত উপস্থিত থাকে। তিনি আরো বলেন, আউট অব স্কুল চিলেড্রেন কর্মসূচির শিক্ষার্থীরা উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম শেষে বয়স বেশি হওয়ার কারণে অনেক সময় মেইনস্ট্রিমিং এ ভর্তি হওয়ার সুযোগ পাচ্ছে না। বয়স বেশি থাকার করণে সরকারি প্রাথমিক বিদ্যালয় তাদের ভর্তি নিতে চায় না। তখন এই সকল শিক্ষার্থীদের আবার ঝড়ে পড়ার সম্ভাবনা তৈরি হয়। এই সকল শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম চালিয়ে নেওয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করলে খুবই ভালো হয় বলে তিনি মতামত ব্যক্ত করেন।

সভাপতি মহোদয় উপস্থিত শিক্ষক ও প্রোগ্রাম সুপারভাইজারদের বেতনভাতা ঠিকমত পরিশোধ করছে কিনা তা জানতে চান। জনাব হুমায়রা আলমগীর, প্রোগ্রাম সুপারভাইজার, ব্র্যাক ও উপস্থিত শিক্ষিকা বলেন যে, তাঁরা নিয়মিত বেতন-ভাতাদি পাচ্ছেন এবং স্কুলের ঘড় ভাড়া নিয়মিত পরিশোধ করা হচ্ছে।

সভাপতি সভায় উপস্থিত সিএমসি সদস্যের নিকট উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম সম্পর্কে জানতে চান? জবাবে জনাব হাসিনা বেগম, সিএমসি মেম্বর বলেন শিখন কেন্দ্রে নিয়মিত ক্লাস হয় এবং শিক্ষার গুণগত মান ভালো। সভাপতি বলেন, যদি কোন অভিযোগ থাকে তাহলে ব্যুরোতে অভিযোগ বক্স রয়েছে সেখানে অভিযোগ দিতে পারবেন এবং অভিযোগ দাখিল করলে তা যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া অনলাইনেও অভিযোগ দাখিল করতে পারবেন মর্মে সকলকে অবহিত করেন।

বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

১। আউট অব স্কুল চিলড্রেন কর্মসূচির সকল এনজিও কর্তৃক শিক্ষক, সুপারভাইজার, সিএমসি সভাপতিসহ মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকলকে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে সভায় অবহিত করবেন এবং সভার কার্যবিবরণী সহকারী পরিচালকের মাধ্যমে ব্যুরোর প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন;

২। সুপারভাইজার ও শিক্ষকদের বেতন-ভাতাদি নিয়মিত পরিশোধ করতে হবে, এ বিষয়ে ব্যুরোর বাস্তবায়ন শাখা হতে সকল লীড এনজিওদের পত্র প্রেরণ করতে হবে;

৩। এ সভার কার্যবিবরণী সকল লীড এনজিওকে প্রেরণ করতে হবে;

৪। যে কোন অভিযোগ/পত্র সংশ্লিষ্ট জেলার সহকারী পরিচালক এর মাধ্যমে ব্যুরোতে প্রেরণ করতে হবে, অন্যথায় তা গ্রহণযোগ্য হবে না এবং উক্ত বিষয়ে কোন কার্যক্রম গ্রহণ করা হবে না;

৫। অনলাইনে অভিযোগ প্রতিকার কার্যক্রম-GRS সম্পর্কে সকল সেবাগ্রহীতা/অংশীজনদের সচেতন করতে হবে।

৬। স্টেকহোল্ডারগণের সমন্বয়ে পরবর্তী সভা নির্দিষ্ট সময়ের মধ্যে আয়োজন করতে হবে।

অত:পর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১২/২০২৩

(মু. নুরুজ্জামান শরীফ এনডিসি)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
(যুগ্মসচিব)
ফোন: ০২-২২৬৬০১১১৫

স্মারকসংখ্যা:৩৮.০০.০০০০.৩০১.১৬.৬৬৯.২১-১২৪৮(১৫)

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪৩০
২৯ ডিসেম্বর ২০২৩

**কার্যার্থে:**

১। সিষ্টেম এনালিষ্ট, উশিব্যু, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২। উপ-পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন/প্রশাসন, অর্থ ও লজি:), উশিব্যু, ঢাকা।
৩। সহকারী পরিচালক (সকল), উশিব্যু/জেউশিব্যু।
৪। লাইব্রেরিয়ান/স্টোর অফিসার/সহকারী প্রোগ্রামার উশিব্যু, ঢাকা।
৫। প্রশাসনিক কর্মকর্তা, উশিব্যু, ঢাকা।
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, উশিব্যু, ঢাকা--(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। অফিস কপি।

২৯/১২/২৩

(মোঃ রিপন কবির লস্কর)
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন: ০২-২২৬৬০১১১৬